



৩৫ তম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন



হুমায়রা সিদ্দিকা হুমাশা-Humaira Siddika Humasha

ড. আবু বকর সিদ্দিক-Dr. Abu Bakkar Siddiq

ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার

বিষয়- বাংলা

বিষয় কোড- ০০১ ও ০০২

সময়- ৪ ঘণ্টা

[ডান দিকের সংখ্যা সংশ্লিষ্ট প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

পূর্ণমান- ২০০

০১। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুনঃ-

৬×৫ = ৩০

- ক) বাংলা ভাষায় শব্দ গঠনের প্রক্রিয়াগুলো কী কী? উদাহরণ সহ প্রক্রিয়াগুলো ব্যাখ্যা করুন।
খ) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানরীতি অনুসারে অ-তৎসম শব্দের ৬টি নিয়ম উদাহরণসহ লিখুন।

গ) নিচের শব্দগুলোর উৎস গত পরিচয় লিখুনঃ

কিন্তু, পুলটিক্স, টোপর, সোহাগ, পাপড়, ভাত।

ঘ) প্রবাদ-প্রবচনের নিহিতার্থ লিখুনঃ

হরি ঘোষের গোয়াল; ঘুঁটে পোড়ে গোবর হাসে; চিত্রগুপ্তের খাতা; ওঝার ব্যাটা বনগুরু; শিখণ্ডী খাড়া করা;
থোর বড়ি খাঁড়া, খাঁড়া বড়ি থোর।

ঙ) নিচের বাক্যগুলোর নির্দেশ অনুসারে রূপান্তর করুনঃ

- (অ) যেমন কর্ম করবে, তেমন ফল পাবে। (সরল)
(আ) সন্ধ্যা হয়ে এলো কিন্তু ট্রেনের খোঁজ নেই এখনো। (জটিল)
(ই) পনের মিনিট পর তিনি এলেন। (যৌগিক)
(ঈ) পুকুরপাড়ে এখন কেউ নেই। (অস্তিত্ববাচক)
(উ) কোথাও কি তিনি আছেন? (নেতিবাচক)
(ঊ) গোলাপটি অত্যন্ত সুন্দর! (বিস্ময়সূচক)

০২। ভাব-সম্প্রসারণ করুনঃ-

২০

ক) যে আমার মধ্যে তুমি নেই, আর যে-তুমির মধ্যে আমি নেই- দুই-ই আমার পক্ষে সমান।

অথবা,

খ) স্মরণের আবরণে মরণের যত্নে রাখে ঢাকি।

০৩। সারমর্ম লিখুনঃ-

২০

ক) আমারই চেতনার রঙে পান্না হলো সবুজ,

চুনি উঠল রাঙা হয়ে।

আমি চোখ মেললুম আকাশে-

জ্বলে উঠল আলো

পুবে পশ্চিমে।

গোলাপের দিকে চেয়ে বললুম 'সুন্দর'-

সুন্দর হল সে।

অথবা,

খ) প্রতিদিনের এই যে পৃথিবী আমার কাছে জীর্ণ, অভ্যস্ত প্রভাত আমার কাছে ম্লান। কবে এরাই আমার কাছে নবীন ও উজ্জ্বল হয়ে ওঠে? যেদিন প্রেমের দ্বারা আমার চেতনা নবশক্তিতে জাগ্রত হয়। যাকে ভালোবাসি আজ তার সঙ্গে দেখা হবে এই কথা স্মরণ হলে কাল যা কিছু শ্রীহীন ছিল আজ সেই সমস্তই সুন্দর হয়ে উঠে। প্রেমের দ্বারা চেতনা যে পূর্ণশক্তি লাভ করে সেই পূর্ণতার দ্বারাই সে সীমার মধ্যে অসীমকে, রূপের মধ্যে অপরূপকে দেখতে পায়; তাকে নূতন কোথাও যেতে হয় না। ঐ অভাবটুকুর দ্বারাই অসীম সত্য তার কাছে সীমাবদ্ধ হয়েছিল।

০৪। নিচের প্রশ্নগুলো সংক্ষিপ্ত উত্তর দিনঃ-

৩×১০ = ৩০

- ক) চর্যাপদের ভাষা নিয়ে বিদ্যমান বিতর্ক সম্পর্কে আপনার ধারণা লিখুন।
- খ) বাংলা সাহিত্যে শ্রীচৈতন্য দেবের ভূমিকা পর্যালোচনা করুন।
- গ) বৈষ্ণব পদাবলি ধারায় বিদ্যাপতির বিশেষত্ব ব্যাখ্যা করুন।
- ঘ) বাংলা সাহিত্যের ইতিহাসে রোসাঙ্গ রাজসভার প্রাসঙ্গিকতা পর্যালোচনা করুন।
- ঙ) রবীন্দ্র-ছোটগল্প ভুক্ত তিনটি নারী চরিত্রের পরিচয় দিন।
- চ) 'বিষাদ-সিন্ধু'র ঐতিহাসিকতা সম্পর্কে আলোকপাত করুন।
- ছ) বাংলা সাহিত্যে 'কল্লোল যুগ' সম্পর্কে ধারণা দিন।
- জ) মুক্তিযুদ্ধভিত্তিক একটি বাংলা নাটকের মূল্যায়ন করুন।
- ঝ) সাম্প্রতিক বাংলাদেশে লোকধারার গানের জনপ্রিয়তা ব্যাখ্যা করুন।
- ঞ) বাংলাদেশের সাহিত্য নির্ভর চলচ্চিত্র সম্পর্কে আপনার ধারণা ব্যক্ত করুন।

০৫। বাংলায় অনুবাদ করুনঃ

১৫

Tsunami is a Japanese word that means "harbor wave". It is in harbors that tsunamis do the most damage. We sometimes call tsunamis tidal waves, though they're not caused by tides. Oceanographers call tsunamis seismic sea waves. Whatever their name, those who have lived through them call them killers. What actually is a tsunami? It's a wave of water that sometimes follows earthquakes, volcanic eruptions, or underwater landslides. Not all tsunamis are large or destructive. In fact, if you were out to sea, a tsunami could pass under your boat and you would hardly notice. That's because the ocean bottom is so deep. But as the wave gets closure to land, the ocean becomes shallower and begins to cause the wave to crest. Some tsunamis can top 100 feet by the time they reach shore. The largest tsunami ever measured was 212 feet high.

০৬। ১০ বছরের একটি ছেলে হারিয়ে গেছে। ছেলেটির বাবা-মা গেছেন থানায়। পুলিশ মামলা নিতে চাইছে না। ছেলেটিকে বাবা-মা এবং একজন পুলিশ কর্মকর্তার চরিত্র অবলম্বন করে এই পরিস্থিতির উপযুক্ত সংলাপ রচনা করুন। ১৫

০৭। (ক) বাঙালি সংস্কৃতির উন্নয়নে গণমাধ্যমের করণীয় সম্পর্কে পরামর্শ দিয়ে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করুন।

১৫

অথবা,

(খ) একটি বেসরকারী প্রতিষ্ঠানে প্রকল্প কর্মকর্তা পদে নিয়োগ প্রাপ্তির জন্য জীবনবৃত্তান্তসহ একটি আবেদন পত্র লিখুন।

০৮। সম্প্রতি প্রকাশিত ভাষা আন্দোলন বা মুক্তিযুদ্ধভিত্তিক একটি গ্রন্থের সমালোচনা লিখুন।

১৫

০৯। যে কোন একটি বিষয়ে প্রবন্ধ করুনঃ-

৪০

(ক) দেশাত্মবোধ;

(খ) বাংলাদেশের পর্যটন শিল্প;

(গ) বার্ষিক্য ও বৃদ্ধাশ্রম;

(ঘ) সড়ক দূর্ঘটনা;

(ঙ) যেদিন সবকিছু গোলমালে।